

- 1 হ্যাঁ। না। জানি না। আমি বুঝিনা।
- 2 আপনার নাম কি? আপনি ইংরেজী অক্ষরে লিখতে পারেন?
- 3 অনুগ্রহ করে আপনার ঠিকানা লিখে দিন।
- 4 আপনার বয়স কত?
- 5 আপনার ব্যাপারে প্রয়োজন হ'লে যোগাযোগ করা যায় এমন কারো নাম, টেলিফোন নম্বর বা ঠিকানা দিতে পারেন কি?
- 6 আপনাকে শীঘ্রই পরীক্ষা করবেন একজন <sup>1</sup>ডাক্তার। <sup>2</sup>নার্স।
- 7 আপনি কি কোন দুর্ঘটনায় পড়েছিলেন? দুর্ঘটনা কখন হয়েছিল? (ক্যালেন্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)
- 8 আপনি কি জ্ঞান হারিয়েছিলেন?
- 9 আপনি কখন অসুস্থ হয়ে পড়েন? (ক্যালেন্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)
- 10 আপনার শরীরে কোন ব্যথা বেদনা আছে? কোথায় দেখিয়ে দিন। ব্যথা কখন শুরু হয়? (ক্যালেন্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)
- 11 আপনার যন্ত্রণার স্তরটি কি? 1 (যন্ত্রণা নেই) 2 3 4 5 6 7 8 9 10 (দীর্ঘকালীন যন্ত্রণা)
- 12 আপনার শরীরে ব্যথা থাকলে সে ব্যথা কি সবসময় থাকে? নাকি কখনও থাকে আবার কখনও থাকে না?
- 13 আপনার কি কোন রক্তপাত হয়েছে? কোথায় দেখিয়ে দিন।
- 14 আপনার কি কোন ধরণের কাশি আছে? কাশির সাথে গলা থেকে কিছু কি বের হয়?  
কিছু বের হ'লে তার রং কি? সাদা? হলদে-সবুজ? লাল? বাদামী?
- 15 আপনার কি কখনও শ্বাসকষ্ট হয়?
- 16 আপনার কি বমি হয়েছে? আপনি কি রক্তবমি করেছেন?
- 17 আপনার কি পেটের অসুখ হয়েছে বা দাস্ত হয়েছে?
- 18 আপনার কি কোষ্ঠকাঠিন্য আছে?
- 19 আপনার কি কালো পায়খানা হয়েছে?
- 20 আপনার পায়ের কণ্ঠা (বা গিরা) কি কখনও ফুলে ওঠে?
- 21 আপনার কি সম্প্রতি শরীরের ওজন কমে গিয়েছে?
- 22 আপনার কি <sup>1</sup>দেখতে <sup>2</sup>শুনতে <sup>3</sup>চোক গিলতে <sup>4</sup>হাঁটতে কখনও অসুবিধা হয়?
- 23 আপনার শরীরে কি কখনো অস্ত্রোপচার হয়েছে? কোথায় দেখিয়ে দিন।
- 24 আপনার সর্বশেষ মাসিক স্রাব কবে শুরু হয়েছিল? (ক্যালেন্ডারে দেখিয়ে দিন)  
আপনি কি গর্ভবতী? আপনি ক'মাসের গর্ভবতী?  
আপনার কি গর্ভবতী হবার সম্ভাবনা আছে? আমরা কি একটা প্রেগন্যান্সি পরীক্ষা করতে পারি?
- 25 আপনি কি ধূমপান করেন? করলে দিনে কয়টি সিগারেট খান?
- 26 আপনার কি <sup>1</sup>চিনি জনিত কারণের বহুমূত্র রোগ আছে? <sup>2</sup>মৃগী? <sup>3</sup>হাঁপানি?
- 27 আপনার কি <sup>1</sup>কখনও হৃদযন্ত্র সংক্রান্ত অসুবিধা ছিল? <sup>2</sup>অ্যানজাইনা? <sup>3</sup>হাই ব্লাড প্রেশার?  
<sup>4</sup>দয়াঘাত? <sup>5</sup>স্ট্রোক? <sup>6</sup>জনডিস? <sup>7</sup>হেপাটাইটিস?
- 28 আপনার কি কোন ঔষধের প্রতি এলার্জি রয়েছে? পেনিসিলিন? এ্যাসপিরিন? অথবা অন্য কোন ঔষধে?
- 29 আপনি কি বর্তমানে কোন ঔষধ খাচ্ছেন? তার কিছুটা কি এখন আপনার সাথে আছে?  
আপনি কি অন্য কোন ঔষধ নিচ্ছেন নাকি ন্যাচারাল উপচার?
- 30 কতগুলি ট্যাবলেট আপনি নিচ্ছেন?
- 31 আপনি কি টিটেনাস ইমিউনাইজেশন-এ আপ টু ডেট?

- 32 আপনি সম্প্রতি ইউ. কে. ছাড়া অন্য কোন দেশে গিয়েছিলেন কি? কোথায়? কবে?
- 33 আমি একজন <sup>1</sup>নার্স। <sup>2</sup>ডাক্তার। <sup>3</sup>প্রাথমিক উপচারকারী। <sup>4</sup>প্যারামেডিক। <sup>5</sup>সমাজসেবী।
- 34 আমি আপনাকে পরীক্ষা করতে পারি? কোন পুরুষ আপনাকে পরীক্ষা করলে আপনি কি কিছু মনে <sup>1</sup>করবেন? <sup>2</sup>মহিলা?
- 35 দুঃখীত, এতে লাগতে পারে।
- 36 আমার যন্ত্রের সাহায্যে আপনার রক্তচাপ পরীক্ষা করতে হবে।
- 37 আপনার ছাতীর ধড়কন শুনতে হবে।
- 38 আমি আপনার হাট পরীক্ষা করতে চাই।
- 39 আমাকে আপনার শরীরের ভেতর পরীক্ষা করতে হবে।
- 40 আমার আপনাকে একটি ইনজেকশন দিতে হবে।
- 41 এই টিউবটি আমাকে আপনার শরীরে ঢোকাতে হবে।
- 42 আমাকে আপনার রক্তের নমুনা নিতে হবে।
- 43 আমাকে একটি এক্স-রে নিতে হবে।
- 44 আমাকে আপনার শরীরে কয়েকবার সুঁই দিয়ে সেলাই করতে হবে।  
আপনার সেলাই কাটানোর জন্য আপনার ডাক্তারের কাছে যেতে হবে এই তারিখে (ক্যালেন্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)
- 45 আপনার ফ্যাক্সার হলে/ভেঙ্গে গেলে: <sup>1</sup>পা। <sup>2</sup>গোড়ালী। <sup>3</sup>হাত। <sup>4</sup>কজ্জি-তে। <sup>5</sup>কাঁধ।
- 46 একটা কাস্ট লাগানো খুব জরুরী আপনার: <sup>1</sup>পা। <sup>2</sup>গোড়ালী। <sup>3</sup>হাত। <sup>4</sup>কজ্জি-তে।
- 47 এটি (পএন্ট) আপনাকে এতদিন পর্যন্ত রাখতে হবে (ক্যালেন্ডারে দেখিয়ে দিন)।
- 48 এই আধারে (বা বোতলে) দয়া করে প্রস্রাব করুন।
- 49 দয়া করে কোন কিছু খাওয়া বা পান করা থেকে বিরত থাকুন।
- 50 আপনি এখন উঠে পড়তে পারেন।
- 51 আপনাকে হাসপাতালে থাকতে হবে।  
ওয়ার্ডে বেড না পাওয়া পর্যন্ত অনুগ্রহ করে অপেক্ষা করুন।
- 52 সব কিছু ঠিক হয়ে যাবে। চিন্তা করবেন না।
- 53 আমি কি আপনাকে একটা ট্যাক্সি ডেকে দেব?
- 54 আপনার কোন সাহায্য দরকার হলে এটি ব্যবহার করুন।
- 55 দয়া করে অপেক্ষা করুন। দয়া করে এদিক দিয়ে আসুন। আপনি বাসায় চলে যেতে পারেন।
- 56 আপনার সমস্যা বেশী হলে দয়া করে আবার আসবেন।
- 57 আমি এটা আপনাকে আবার দিচ্ছি.....

### রোগীদের থেকে প্রশ্ন

- 58 আমাকে কতক্ষণ অপেক্ষা করতে হবে? | ঘণ্টা পর্যন্ত 2 ঘণ্টা পর্যন্ত 3 ঘণ্টা পর্যন্ত 4 ঘণ্টা পর্যন্ত
- 59 কেউ আমার নাম ডাকবে কি?
- 60 টেলিফোনটা কোথায়, আমি আমার পরিবার/বন্ধুকে ফোন করতে চাই?
- 61 আপনি দয়া করে আমায় একট ট্যাক্সি ডেকে দিতে পারেন যাতে আমি বাড়ী যেতে পারি?
- 62 আমি ভাল হয়ে যাবো তো?